রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ৫, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[শুল্ক]

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯শে কার্তিক, ১৪০১/৩রা নভেম্বর, ১৯৯৪

এস, আর, ও নং ৩১৬-আইন/৯৪/১৫৬৮/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 25A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিল যে,—

(ক) উক্ত section এর উদ্দেশ্য পূরণকল্পে, অত্র প্রজ্ঞাপনের পরিশিষ্ট-১ এ বর্ণিত সংস্থাসমূহ হইবে অনুমোদিত প্রাক-যান জাতকরণ পরিদর্শন সংস্থা (Approved Pre-shipment Inspecting Agency) (অতঃপর উক্ত সংস্থাগুলি বা উহাদের শাখা অফিস এই প্রজ্ঞাপনে পরিদর্শন সংস্থা বলিয়া উল্লেখিত) ; এবং সরকার যে কোন সময় সংবাদপত্রের মাধ্যমে ষাট দিনের নোটিশ প্রদানপূর্বক পরিদর্শন সংস্থার তালিকা পরিবর্তন করিতে পারিবেন ;

(খ) কোন আমদানীকৃত পণ্যের গুণাগুণ, পরিমাণ, মূল্য এবং শুল্ক-শ্রেণীবিন্যাস পরিদর্শন সংস্থা কর্তৃক পরীক্ষিত (verified) এবং প্রত্যায়িত হইলে এতদসম্পর্কে উক্ত সংস্থা প্রদত্ত প্রত্যায়নপত্র শুল্কায়নের ভিত্তি হিসাবে গৃহীত হইবে।

২। উক্ত প্রত্যয়নপত্র প্রদান ও প্রসংগিক অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা :—

(১) প্রত্যয়নপত্রে উল্লিখিত পণ্যের শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule-এ উল্লেখিত শ্রেণীবিন্যাস অর্থাৎ সংশ্লিষ্ট পণ্যের H. S. Code এবং description উল্লেখ করিতে হইবে ;

(২) আমদানীকারক পণ্য আমদানীকালে নিজ ব্যয়ে প্রত্যয়নপত্র গ্রহণ করিবেন ;

(৩) পরিদর্শন সংস্থা নিজস্ব লেটার হেডে পরিশিষ্ট-২, তে বর্ণিত ফরমে প্রত্যয়নপত্র প্রদান করিবে ;

(৪) প্রত্যয়নপত্র গ্রহণ করিতে চাহিলে আমদানীকারক ঋণপত্র খুলিবার সময় প্রত্যয়নকারী পরিদর্শন সংস্থার নাম ঠিকানা উল্লেখ করিবেন ; তদুপরি ঋণপত্রে এই মর্মে একটি শর্ত থাকিতে হইবে যে, পণ্যের বিক্রেতা কর্তৃক প্রদত্ত ইনভয়েসে পরিদর্শন সংস্থার প্রত্যয়নপত্রের ক্রমিক নম্বর ও তারিখ উল্লিখিত থাকিবে এবং উক্ত ইনভয়েসটি পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যায়িত হইবে ;

(৫) যেই দেশ হইতে পণ্য আমদানী হইবে সেই দেশে অবস্থিত পরিদর্শন সংস্থার শাখা হইতে অথবা সেই দেশের জন্য নির্ধারিত অন্য কোন দেশে অবস্থিত উক্ত সংস্থার কোন শাখা হইতে প্রত্যয়নপত্র জারীকৃত হইতে হইবে ;

(৬) আমদানীকৃত পণ্যের বিল অব লেডিং বা ক্ষেত্রমত, এয়ারওয়ে বিল, ট্রাক রিসিট বা রেলওয়ে রিসিট জারীর পূর্বেই পণ্যের পরিদর্শন সম্পন্ন করিতে হইবে ;

(৭) প্রত্যয়নপত্রে পরিদর্শন সংস্থার অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর এবং Dry Embossed Seal অথবা, ক্ষেত্রমত, Hologram বা সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন ধরনের চিহ্ন প্রদান করিতে হইবে ;

(৮) প্রত্যয়নপত্রের একটি অগ্রিম অনুলিপি পরিদর্শন সংস্থা কর্তৃক উহার বাংলাদেশস্থ প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট কাস্টমস ষ্টেশনের দায়িত্বে নিয়োজিত কালেক্টর (যাহা বলিতে ক্ষেত্রমত, অতিরিক্ত কালেক্টর, যুগ্ম কালেক্টর, ডিপুটি কালেক্টর এবং সহকারী কালেক্টরকেও বুঝাইবে) এর নিকট সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি দাখিলের পূর্বেই পৌঁছাইতে হইবে ;

(৯) পরিদর্শন সংস্থাসমূহ উহাদের প্রধান অফিস ও বিভিন্ন দেশে অবস্থিত শাখা অফিস এবং উহাদের বাংলাদেশী প্রতিনিধির নাম ও ঠিকানা জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, বাংলাদেশ-এর নিকট প্রেরণ করিবে ;

(১০) মূল প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে প্রেরণ করিতে হইবে এবং ইহা আমদানীকৃত পণ্য ছাড়করণের লক্ষ্যে বিল অব এন্ট্রি দাখিলের সময়ই অন্যান্য দলিলের সহিত সংশ্লিষ্ট কাস্টমস ষ্টেশনে দাখিল করিতে হইবে এবং প্রত্যয়নপত্রে প্রদত্ত তথ্য সম্পর্কে আমদানীকারক বা তাহার মনোনীত প্রতিনিধিকে প্রত্যয়নপত্র দাখিলকালে পরিশিষ্ট-৩ অনুসারে ঘোষণা প্রদান করিতে হইবে;

(১১) আমদানীকৃত কোন পণ্যের ক্ষেত্রে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান সত্ত্বেও, কালেক্টর প্রয়োজনবোধে আমদানীকৃত পণ্যের ওজন, পরিমাপ, গুণাগুণ ও শ্রেণীবিন্যাস সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য আমদানীকারক বা তাহার মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে এবং পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ শাখার প্রতিনিধিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ জ্ঞাপনপূর্বক, বাল্ক পণ্যের ক্ষেত্রে ভিন্ন কোন পরিদর্শন সংস্থা দ্বারা ড্রাফ্‌ট সার্ভে এবং অন্যান্য পণ্যের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষ দ্বারা পুনঃ পরীক্ষা সম্পাদনের নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপ পরীক্ষার পর উক্ত ওজন, পরিমাপ, গুণাগুণ ও বর্ণনা প্রত্যয়নপত্র হইতে ভিন্ন হইলে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শুল্কায়ন করিতে হইবে;

(১২) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত পণ্যের মূল্য সম্পর্কে কালেক্টরের আপত্তি থাকিলে তিনি প্রত্যয়নকৃত মূল্যের ভিত্তিতে পণ্য শুল্কায়ন ও খালাস করিবেন, তবে উক্ত আপত্তি সম্পর্কে তিনি জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিতে পারিবেন;

(১৩) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রে পণ্যের মূল্য, পরিমাণ, গুণাগুন ও শ্রেণীবিন্যাস এই চারটি বিষয়ের প্রত্যেকটির উপর মতামত লিপিবদ্ধ না থাকিলে প্রত্যয়নপত্রটি অগ্রাহ্য করা হইবে;

(১৪) পরিদর্শন সংস্থা আমদানীকৃত পণ্যের সি আই এফ মূল্য এবং পরিবহন যান হইতে কাস্টম ষ্টেশনে উক্ত পণ্যের অবতরণব্যয় (Landing Charge), যদি থাকে, এর সমষ্টিকে পণ্যের মূল্য হিসাবে প্রত্যয়নপত্রে উল্লেখ করিবে এবং এতদুদ্দেশ্যে আমদানীকারক পরিদর্শন সংস্থাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবে:

তবে শর্ত থাকে যে, পরিদর্শন সংস্থাকে আমদানীকারক কর্তৃক প্রদত্ত পরিদর্শন ফিস উপরিউক্ত মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত করা যাইবে না।

পরিশিষ্ট-১

অনুমোদিত প্রাক-যান জাতকরণ পণ্য পরিদর্শন সংস্থাসমূহের নাম:

১। ব্যুরো ভেরিটাস (Bureau Veritas)

২। কন্ট্রোল ইউনিয়ন (Control Union)

৩। ওভারসিজ মার্চেণ্ডাইজ ইন্সপেকশন কোম্পানী লিমিটেড (Overseas Merchandize Inspection Company Ltd.)

৪। এস, জি, এস, (Societe General de Surveillance)

পরিশিষ্ট-২

## INSPECTING AGENCY LETTER HEAD

CLEAN REPORT OF FINDING CERTIFICATE NO.

1. L/C. Issuing Bank 2. L/C. No.
3. L/C. Issue Date 4. L/C.Expiry Date
5. Buyer

6. Description of Goods Order

| Item No. | Description (Including Quality) | Quantity | H.S. Code | Price (C&F) |
|---|---|---|---|---|
| ......... | ................ | ......... | .......... | ........ |

(Use Additional page if necessary)

7. Seller
8. Proforma Invoice No. 9. Dated
10. Partial Shipment No. (if any)
11. Final Invoice No. 12. Dated
13. Shipping Document No. (B/L/AWB/ Truck receipt/Railway receipt) 14. Dated
15. Port of Loading 16. Shipping Marks
17. Packing

18. Detailed Report on Goods Inspected

| Item No. | Description (Including Quality) | Quantity | H.S. Code | Price (CIF) | Landing Charge |
|---|---|---|---|---|---|
| .... | .............. | ........ | ......... | ...... | ...... |

Use additional page if necessary Report Status

19. Place of Inspection 20. Date

21. Remarks 22. Issued By
23. Reference No. 24. Issue Date

Signature and Embossed Seal or Hologram or other approved sign:

পরিশিষ্ট-৩

পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক পণ্য আমদানীর ক্ষেত্রে আমদানীকারক বা তাহার মনোনীত প্রতিনিধির ঘোষণাপত্র

পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক আমদানীকৃত পণ্য ছাড় করণের লক্ষ্যে আমি/আমরা নিম্নবর্ণিত তথ্য/বক্তব্য প্রদান করিতেছি:

১। আমদানীকারকের নাম ..........................................

পূর্ণাংগ ঠিকানা ..........................................

টেলিফোন নং ..........................................

করদাতা সনাক্তকরণ সংখ্যা ..........................................
(মূল্য সংযোজন কর)

২। ক্লিয়ারিং ফরোয়ার্ডিং এজেন্টের নাম ..........................................

পূর্ণাংগ ঠিকানা ..........................................

টেলিফোন নং ..........................................

৩। যে কাষ্টমস্ ষ্টেশনের মাধ্যমে পণ্য ছাড় করা হইবে উহার নাম ..........................................

৪। প্রত্যয়নপত্র প্রদানকারী পরিদর্শন সংস্থার নাম ও ঠিকানা ..........................................

৫। পরিদর্শন সংস্থা কর্তৃক আমদানীকৃত পণ্য পরিদর্শনের স্থান ও তারিখ ..........................................

৬। প্রত্যয়নপত্র প্রদানের স্থান ক্রমিক নং ও তারিখ ..........................................

৭। ঋণপত্রের নম্বর .................... ঋণপত্র জারীর তারিখ ....................

৮। ঋণপত্র জারীকারী ব্যাংক-এর নাম ও ঠিকানা ..........................................

..........................................

৯। আমি/আমরা এই অংগীকার করিতেছি যে, .......................... কর্তৃক প্রদত্ত উপরে উল্লিখিত প্রত্যয়নপত্রে বর্ণিত পণ্যমূল্য, গুণাগুণ, পরিমাণ ও শ্রেণীবিন্যাস (H. S. Code and Description) সংক্রান্ত তথ্যসহ উপরে বর্ণিত অন্যান্য তথ্য আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক। আমি/আমরা জানি, এক্ষেত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য পরিবেশিত হইয়া থাকিলে বা কোন তথ্য গোপন

করা হইয়া থাকিলে আমার/আমাদের বিরুদ্ধে Customs Act, 1969 (IV of 1969) এর Section 32-এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে। আমরা আরও জানি পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত পণ্যমূল্যে ক্ষেত্রে কালেক্টরের আপত্তি থাকিলে তিনি শুল্কায়নের মাধ্যমে আমদানীকৃত পণ্য ছাড়করণের পর প্রত্যয়নকৃত মূল্যের বিষয়ে তিনি জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিতে পারিবেন।

আমদানীকারকের নাম ও স্বাক্ষর ..........................................

ঠিকানা ..........................................

টেলিফোন নম্বর ..........................................

অথবা ক্ষেত্রমত, তাহার পক্ষে ক্লিয়ারিং ও
ফরোয়াডিং এজেন্টের নাম ও স্বাক্ষর ..........................................

ঠিকানা ..........................................

তারিখ .......................... টেলিফোন নম্বর ..........................

রাষ্ট্রপতির আদেশক্রমে
ডঃ আকবর আলি খান
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।